

## 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১০০৫

২১. জিহাদ সম্পর্কিত অধ্যায় (کتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২০. যিশ্মীদের মধ্যে কেহ ইসলাম গ্রহণ করিলে তাহার ভূসম্পত্তি কি করা হইবে

بَابِ إِحْرَازِ مَنْ أَسْلَمَ مِنْ أَهْلِ الذِّمَّةِ أَرْضَهُ

## আরবী

سُئِلَ مَالِك عَنْ إِمَامٍ قَبِلَ الْجِزْيَةَ مِنْ قَوْمٍ فَكَانُوا يُعْطُونَهَا أَرَأَيْتَ مَنْ أَسْلَمَ مِنْهُمْ أَتَكُونُ لَهُمْ مَالُهُ فَقَالَ مَالِك ذَلِكَ يَخْتَلِفُ أَمَّا أَهْلُ الصَّلْحِ لَهُ أَرْضِهُ أَوْ تَكُونُ لِلْمُسْلِمِينَ وَيَكُونُ لَهُمْ مَالُهُ فَقَالَ مَالِك ذَلِكَ يَخْتَلِفُ أَمَّا أَهْلُ الصَّلْحِ فَإِنَّ مَنْ أَسْلَمَ مِنْهُمْ فَهُو أَحَقُ بِأَرْضِهِ وَمَالِهِ وَأَمَّا أَهْلُ الْعَنْوَةِ الَّذِينَ أُخِذُوا عَنْوَةً فَمَنْ أَسْلَمَ مِنْهُمْ فَإِنَّ أَرْضَهُ وَمَالَهُ لِلْمُسْلِمِينَ لِأَنَّ أَهْلَ الْعَنْوَةِ قَدْ غُلِبُوا عَلَى بِلَادِهِمْ وَصَارَتُ فَيْئًا لِلْمُسْلِمِينَ وَأَمَّا أَهْلُ الصَّلْحِ فَإِنَّهُمْ قَدْ مَنَعُوا أَمْوَالَهُمْ وَأَنْفُسَهُمْ حَتَّى صَالَحُوا عَلَيْهَا فَيْلًا لِلْمُسْلِمِينَ وَأَمَّا أَهْلُ الصَّلْحِ فَإِنَّهُمْ قَدْ مَنَعُوا أَمْوَالَهُمْ وَأَنْفُسَهُمْ حَتَّى صَالَحُوا عَلَيْهَا فَلَيْسَ عَلَيْهِمْ إِلَّا مَا صَالَحُوا عَلَيْهِ

## বাংলা

মালিক (রহঃ)-কে জিজ্ঞাস করা হইয়াছিল, মুসলিম প্রশাসক কর্তৃক যদি কোন এলাকার কাফেরদের উপর জিযিয়া আরোপ করা হয়, আর তখন তাহাদের মধ্যে কোন ব্যক্তি যদি ইসলাম গ্রহণ করিয়া নেয় তখন তাহার ভূসম্পত্তি তাহারই থাকিবে, না মুসলিমদের মালিকানাভুক্ত হইয়া যাইবে? মালিক (রহঃ) বলিলেনঃ ইহা দুই ধরনের হইতে পারে, প্রথমত কুফর অবস্থায় কোনরূপ যুদ্ধ-বিগ্রহে লিপ্ত না হইয়া যদি স্বেচ্ছায় সন্ধিশর্তে আবদ্ধ হইয়া জিযিয়া দিতে রাজী হইয়া থাকে, তবে ইসলাম গ্রহণের পর তাহার ভূমি ও সম্পদ তাহার মালিকানায় রহিয়া যাইবে। আর যুদ্ধ-বিগ্রহের পর পরাজিত হইয়া জিযিয়া কবুল করিলে ইসলাম ধর্ম গ্রহণ করিবার পরও ঐ সম্পত্তি মুসলিমদের মালিকানাভুক্ত থাকিবে। কারণ তাহাদের সম্পদ মুসলিমগণ 'ফাই'-স্বরূপ প্রাপ্ত হইয়াছে। আর যাহাদের সহিত সন্ধি স্থাপিত হইয়াছে, সন্ধির শর্তানুযায়ী তাহদের সম্পদ মুসলিমগণ পাইবে।

## **English**

Malik was asked whether, when an imam had accepted jizya from a people and they gave it, he thought that the land of one of them who surrendered belonged to him or whether his land and property belonged to the Muslims. Malik said, "That varies. As for the people of peace, if one of them



surrenders, then he is entitled to his land and property. As for the people of force who use force, if one of them surrenders, his land and property belong to the Muslims because the people of force are overcome in their towns, and it becomes booty for the Muslims. As for the people of peace, their property and selves are protected so that they make peace for them. Only what they have made peace for is obliged of them."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন